

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫৬-আইন/২০১৬/১৮/কাস্টমস।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২১-আইন/২০১৪/২৪৮৫/কাস্টমস রহিত করিয়া, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর Heading 87.03 এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত-

(১) Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars in CBU আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক যে পরিমাণে মূল্যভিত্তিক,-

- (ক) ১৫০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) পর্যন্ত ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য ৩০% (ত্রিশ শতাংশ);
- (খ) ১৫০১ সিলিভার ক্যাপাসিটি (সিসি) হইতে ২০০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য ৬০% (ষাট শতাংশ);
- (গ) ২০০১ সিলিভার ক্যাপাসিটি (সিসি) হইতে ২৭৫০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য ১৫০% (একশত পঞ্চাশ শতাংশ);
- (ঘ) ২৭৫১ সিলিভার ক্যাপাসিটি (সিসি) হইতে ৪০০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য ৩০০% (তিনশত শতাংশ); এবং
- (ঙ) ৪০০১ সিলিভার ক্যাপাসিটি (সিসি) হইতে তদুর্ধ্ব ক্ষমতাসম্পন্ন গাড়ির জন্য ৫০০% (পাঁচশত শতাংশ), -

এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ; এবং

(২) Hybrid microbus in CBU আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় সম্পূরক শুল্ক যে পরিমাণে মূল্যভিত্তিক,-

(ক) ১৮০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) পর্যন্ত ক্ষমতাসম্পন্ন মাইক্রোবাসের জন্য ৪৫% (পঁয়তাল্লিশ শতাংশ); এবং

(খ) ১৮০১ সিলিভার ক্যাপাসিটি (সিসি) হইতে ২০০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতাসম্পন্ন মাইক্রোবাসের জন্য ৬০% (ষাট শতাংশ),

এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ,-

হইতে নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথা:—

#### শর্ত

- (ক) চেসিস বৃকে উল্লিখিত তৈরী সালে এবং পরবর্তী বৎসরের ৩১ ডিসেম্বরের মধ্যে আমদানি করা অব্যবহৃত নতুন Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars in CBU এবং Hybrid microbus in CBU এর ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে, তবে পুরাতন, ব্যবহৃত বা রি-কন্ডিশন গাড়ির ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে না ;
- (খ) আমদানিকৃত গাড়ী দুই বা ততোধিক শক্তির উৎস সমন্বিতভাবে কাজে লাগাইয়া পরিচালনায় সক্ষম Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars in CBU এবং Hybrid microbus in CBU হইতে হইবে;
- (গ) শর্ত (খ) তে উল্লিখিত যোগ্যতার সমর্থনে আমদানিকৃত Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars in CBU এবং Hybrid microbus in CBU এর প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র গাড়ি খালাসের সময় সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;
- (ঘ) আমদানিকারকের নিজস্ব ব্যাটারি চার্জিং সুবিধা থাকিতে হইবে;

- (ঙ) Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars in CBU এবং Hybrid microbus in CBU আমদানির ক্ষেত্রে প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকারক বরাবর সরাসরি ইস্যুকৃত বা প্রত্যায়িত মূল ইনভয়েস দাখিল করিতে হইবে;
- (চ) শুক্রায়নের পূর্বে আমদানিকৃত Hybrid motor cars and other hybrid motor vehicles, including station wagon and racing cars এবং Microbus, Hybrid কিনা তা “পরিশিষ্ট-ক” অনুযায়ী গঠিত কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক “পরিশিষ্ট-খ” মোতাবেক একটি প্রত্যয়নপত্র কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং পরিদর্শন সম্পর্কিত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারককে বহন করিতে হইবে।

“পরিশিষ্ট-ক”

কমিটি গঠন

[শর্ত (চ) দ্রষ্টব্য]

কমিটির গঠন।- নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথা:-

- (ক) সংশ্লিষ্ট কাস্টম হাউসের কমিশনার কর্তৃক মনোনীত এডিশনাল কমিশনার বা জয়েন্ট কমিশনার, যিনি উক্ত কমিটির আহ্বায়কও হইবেন;
- (খ) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষক;
- (গ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সহকারী পরিচালক পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা; এবং

- (ঘ) সংশ্লিষ্ট শুক্কায়ন শাখার তত্ত্বাবধানকারী ডেপুটি কমিশনার বা এ্যাসিস্ট্যান্ট কমিশনার, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

“পরিশিষ্ট-খ”

কমিটির প্রতিবেদন  
[শর্ত (চ) দ্রষ্টব্য]

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স ..... (নাম ও পূর্ণ ঠিকানা) মূঙ্গাক নিবন্ধন নং..... এলসি/আইপি নং..... তারিখ..... ইনভয়েস নং .....তারিখ ....., কাস্টম হাউস/স্টেশন এর বিল অব এন্ট্রি নং ..... তারিখ ..... এর মাধ্যমে আমদানিকৃত Motor cars অথবা Other motor vehicles (including station wagon and racing cars) অথবা Microbus যাহার মডেল নং ....., চেসিস নং ..... ইঞ্জিন নং ..... বিগত/অদ্য..... তারিখে সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিতেছি যে, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং- ১৫৬-আইন/২০১৬/১৮/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ মোতাবেক উক্ত গাড়ি Hybrid/Hybrid নয়।

স্বাক্ষর :	স্বাক্ষর :	স্বাক্ষর :	স্বাক্ষর :
নাম :	নাম :	নাম :	নাম :
পদবি :	পদবি :	পদবি :	পদবি :
তারিখ :	তারিখ :	তারিখ :	তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব।